# পরিশিষ্ট—২

## অধ্যায় ভিত্তিক বিষয়মুখী প্রশ্নসমূহের উত্তর

### প্রথম অধ্যায় ঃ ভারতীয় দর্শনের মৌলিক বৈশিষ্ট্যসমূহ

১। সঠিক উত্তর নির্দেশ কর ঃ

ভারতীয় দর্শন হল—(ক) হিন্দুধর্মের দর্শন, (খ) প্রাচীনকাল থেকে আজ পর্যন্ত ভারতে বসবাসকারীদের দর্শন, (গ) পুরুষার্থের আলোচনা, (ঘ) বৌদ্ধ ও জৈন দর্শনের আলোচনা, (ঙ) লোকায়ত মতবাদের আলোচনা।

**উত্তর ঃ** (খ) প্রাচীনকাল থেকে আজ পর্যন্ত ভারতে বসবাসকারীদের দর্শন।

২। ভারতীয় দর্শনের ভিত্তি হল—(ক) বিশ্বাস, (খ) প্রত্যাদেশ, (গ) যুক্তিসম্মত প্রমাণ, (ঘ) যুক্তির দ্বারা সমর্থিত বিশ্বাস, (ঙ) ঐশ্বরিক নির্দেশ, (চ) বিপ্লবাত্মক ধারণা। কোন্‌টি ঠিক?

**উত্তর ঃ** (ঘ) যুক্তির দ্বারা সমর্থিত বিশ্বাস।

৩। ভারতীয় দর্শনের প্রধান প্রধান সম্প্রদায়গুলির নাম উল্লেখ কর।

**উত্তর ঃ** চার্বাক, জৈন, বৌদ্ধ, ন্যায়, বৈশেষিক, সাংখ্য, যোগ, মীমাংসা ও বেদান্ত।

৪। 'দর্শন' কথাটির অর্থ কি?

**উত্তর ঃ** ব্যুৎপত্তিগত অর্থ হল 'দেখা'। প্রকৃত অর্থ হল সত্যের সাক্ষাৎকার বা তত্ত্বদর্শন।

৫। ভারতীয় দর্শনকে প্রধানতঃ দুইটি শ্রেণীতে ভাগ করা হয়। শ্রেণী দুইটি কি কি?

**উত্তর ঃ** আস্তিক ও নাস্তিক।

৬। ভারতীয় দর্শনে 'আস্তিক' ও 'নাস্তিক' কথা দুইটি কি অর্থে ব্যবহৃত হয়েছে?

**উত্তর ঃ** আস্তিক কথাটির অর্থ হল—যারা বেদের প্রামাণ্য স্বীকার করে, আর নাস্তিক কথাটির অর্থ—যারা বেদকে প্রামাণ্য বলে স্বীকার করে না।

৭। ষড়দর্শন কাকে বলে?

**উত্তর ঃ** সাংখ্য, যোগ, ন্যায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত—এই ছয়টি দর্শনকে ষড়দর্শন বলে।

৮। আস্তিক ও নাস্তিক দর্শনগুলির নাম কর।

**উত্তর ঃ** সাংখ্য, যোগ, ন্যায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত—এই ছয়টি আস্তিক দর্শন। চার্বাক, জৈন ও বৌদ্ধ দর্শন হল নাস্তিক দর্শন।

৯। ভারতীয় দর্শনের উদ্ভব হয়েছে— — ও — — থেকে।

**উত্তর ঃ** ব্যবহারিক প্রয়োজনবোধ, আধ্যাত্মিক অতৃপ্তি।

১০। বন্ধনের মূল কারণ কি?

**উত্তর ঃ** অবিদ্যা।

Scanned with CamScanner

১১। নিম্নলিখিত প্রমাণগুলি কোন্ কোন্ সম্প্রদায় কর্তৃক স্বীকৃত?
(ক) অনুমান, (খ) শব্দ, (গ) উপমান।
**উত্তর ঃ** (ক) অনুমান—চার্বাক ছাড়া সব সম্প্রদায়।
(খ) শব্দ—সাংখ্য, যোগ, ন্যায়, মীমাংসা, বেদান্ত, বৌদ্ধ ও বৈশেষিক মতে শব্দ অনুমানের অন্তর্গত।
(গ) উপমান—ন্যায়, মীমাংসা ও বেদান্ত।

১২। কোন্ কোন্ সম্প্রদায় প্রত্যক্ষকে প্রমাণ হিসাবে স্বীকার করে?
**উত্তর ঃ** সব সম্প্রদায়।

১৩। ভারতীয় দর্শন নৈরাশ্যবাদী/আশাবাদী। কোন্‌টি ঠিক?
**উত্তর ঃ** আশাবাদী। শুরুতে নৈরাশ্যবাদী হলেও তা শেষ কথা নয়।

১৪। ভারতীয় দর্শন কি নির্বিচারবাদী দর্শন? 'হ্যাঁ বা 'না' দিয়ে উত্তর দাও।
**উত্তর ঃ** না।

Scanned with CamScanner